



# কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) CONSUMERS ASSOCIATION OF BANGLADESH (CAB)

বাড়ী নং- ৮/৬ সেগুন বাগিচা  
ঢাকা-১০০০, বাংলাদেশ  
ফোন : ৮৮-০২-৯৫৬২৮৫৮  
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৭৭৫৪২

E-mail : cabdhaka2013@gmail.com  
Website : www.consumerbd.org

HOUSE NO. 8/6 SEGUNBAGICHA  
DHAKA-1000, BANGLADESH  
PHONE : 88-02-9562858  
FAX : 88-02-9577542

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৭ জানুয়ারি ২০১৯

### ভোক্তাস্বার্থ রক্ষার্থে বাণিজ্যমন্ত্রীর আশ্বাস

আজ রবিবার ২৭ জানুয়ারি ২০১৯ তারিখে ক্যাবের সভাপতি জনাব গোলাম রহমানের নেতৃত্বে ক্যাবের প্রতিনিধি দলের সদস্যরা বাণিজ্যমন্ত্রীর কার্যালয়ে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি-কে বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের জন্য ক্যাবের নেতৃবৃন্দ তাঁকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং তিনি তাঁর মেয়াদকালে ভোক্তাস্বার্থ রক্ষার্থে যত্নবান হবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। সাক্ষাৎকালে ক্যাবের নেতৃবৃন্দ বাণিজ্যমন্ত্রীর সাথে ভোক্তা-অধিকার ও ভোক্তা-স্বার্থ নিয়ে আলোচনা করেন। ক্যাবের সভাপতি জনাব গোলাম রহমান জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর-কে আরও শক্তিশালী করার অনুরোধ করেন। প্রসঙ্গক্রমে তিনি Policy Research Institute of Bangladesh এর সভাপতি ডঃ জায়েদি ছাত্তারের সাম্প্রতিক গবেষণা প্রবন্ধের তথ্য-উপাত্ত উপস্থাপন করে বলেন যে, কেবলমাত্র ২০১৭-২০১৮ অর্থ বছরে উচ্চহারে আরোপিত আমদানি শুল্কের কারণে পণ্য ক্রয়ে বাংলাদেশের ভোক্তাদের এক লক্ষ চৌদ্দ হাজার কোটি টাকা অতিরিক্ত ব্যয় করতে হয়েছে। ক্যাবের সভাপতি আরও বলেন, লবণসহ যে সব নিত্যপ্রয়োজনীয় পণ্যের আমদানি নিষিদ্ধ সেসব পণ্যে উপযুক্ত হারে শুল্ক আরোপ করে অবাধ আমদানির সুযোগ প্রদান করা গেলে ভোক্তারা কমমূল্যে লবণসহ অন্যান্য পণ্য পেতে পারেন।

বাণিজ্যমন্ত্রী ক্যাবের উত্থাপিত বিষয়গুলো ধৈর্যসহকারে শুনেন এবং ভোক্তাস্বার্থ সংরক্ষণে তাঁর মন্ত্রণালয় সবার সাথে আলোচনা করে বিষয়গুলো দেখবেন বলে আশ্বাস প্রদান করেন।

সাক্ষাৎকালে ক্যাবের সাধারণ সম্পাদক এডভোকেট হুমায়ুন কবীর ভূঁইয়া, কোষাধ্যক্ষ জনাব হারুন-উর-রশিদসহ ক্যাবের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বার্তাপ্রেরক

আহম্মদ একরামুল্লাহ  
কর্মসূচি সমন্বয়কারী, ক্যাব।